

## কৃষি সম্মিলন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর  
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা  
[www.dae.gov.bd](http://www.dae.gov.bd)

স্মারক নং- ৬-৬৮৮-(১২০৭)


তারিখ: ২০/৭/২০১৬

## অফিস আদেশ

বিষয়ঃ- কৃষিবিদ ইনসিটিউশন বাংলাদেশ কর্তৃক আয়োজিত ৫ম জাতীয় কনভেনশন ও আন্তর্জাতিক কৃষি কনফারেন্সে অংশগ্রহণ প্রসংগে।

কৃষিবিদ ইনসিটিউশন বাংলাদেশ কর্তৃক আয়োজিত ৫ম জাতীয় কনভেনশন ও আন্তর্জাতিক কৃষি কনফারেন্স ২০১৬ আগামী ২৯ ও ৩০ সেপ্টেম্বর ২০১৬ ইং তারিখে কেআইবি কমপ্লেক্স প্রাঙ্গণে অনুষ্ঠিত হবে। জাতীয় কনভেনশন ও আন্তর্জাতিক কৃষি কনফারেন্স এর প্রতিপাদ্য বিষয় হলো “Transforming Agriculture for Sustainable Development”। উক্ত অনুষ্ঠানে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে কৃষি উন্নয়নে গুরুত্বপূর্ণ দিক নির্দেশনা দিবেন বলে আশা করা যাচ্ছে। বাংলাদেশ সরকারের বিভিন্ন মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত মাননীয় মন্ত্রীবর্গ, আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন বিজ্ঞানীগণ উক্ত অনুষ্ঠানে উপস্থিত থেকে কৃষি বিষয়ক সর্বাধুনিক মতামত/ধারনা উপস্থাপন করবেন। তাছাড়াও দেশের বিভিন্ন মন্ত্রণালয় ও সেক্টরের গণ্যমান্য ব্যক্তিবর্গ ও কৃষি সেক্টরে দেশবরেণ্য কৃষিবিদগণ উপস্থিত থাকবেন।

উক্ত অনুষ্ঠানে নির্ধারিত তারিখের মধ্যে রেজিস্ট্রেশনপূর্বক আগামী ২৯ ও ৩০ সেপ্টেম্বর ২০১৬ ইং তারিখে কেআইবি কমপ্লেক্স প্রাঙ্গণে উপস্থিত থেকে ৫ম জাতীয় কনভেনশন ও আন্তর্জাতিক কৃষি কনফারেন্স ২০১৬ সাফল্যমন্তিত করার জন্য অনুরোধ করা হলো।

  
(মোঃ হামিদুর রহমান) ২০/৭/২০১৬  
মহাপরিচালক

### অনুলিপিঃ (কার্যার্থে)

- পরিচালক,.....উইং(সকল), ডিএই, খামারবাড়ি, ঢাকা।
- অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর,..... অঞ্চল.....( সকল)।
- অধ্যক্ষ, কৃষি প্রশিক্ষণ ইনসিটিউট,.....( সকল)
- প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, .....( সকল)।
- উপ-পরিচালক/উদ্যানতত্ত্ববিদ/নার্সারী তত্ত্বাবধায়ক, হার্টিকালচার সেন্টার,.....(সংশ্লিষ্ট সকল)।
- উপ-পরিচালক(আইসিটি), পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং, ডিএই, খামারবাড়ি, ঢাকা। (পত্রিত ডিএই'র ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা নিবেন।)
- বিভাগীয় হিসাবনিয়ন্ত্রক/ জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা/ উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা.....।
- উপজেলা কৃষি অফিসার,.....(সংশ্লিষ্ট সকল)।

### অনুলিপিঃ (সদয় জ্ঞাতার্থে)

- সভাপতি, কৃষিবিদ ইনসিটিউশন বাংলাদেশ, কৃষি খামারসড়ক, ফার্মগেট, ঢাকা।
- মহাসচিব, কৃষিবিদ ইনসিটিউশন বাংলাদেশ, কৃষি খামারসড়ক, ফার্মগেট, ঢাকা।
- মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।